

অমল কমল সহজে জলের কোলে আনন্দে রহে ফুটিয়া,
 ফিরে না সে কভু 'আলয় কোথায়' ব'লে ধুলায় ধুলায় লুটিয়া ॥
 তেমনি সহজে আনন্দে হরষিত
 তোমার মাঝারে রব নিমগ্নচিত,
 পূজাশতদল আপনি সে বিকশিত সব সংশয় টুটিয়া ॥
 কোথা আছ তুমি পথ না খুঁজিব কভু, শুধাব না কোনো পথিকে -
 তোমারি মাঝারে ভ্রমিব ফিরিব প্রভু, যখন ফিরিব যে দিকে ।
 চলিব যখন তোমার আকাশগেহে
 তোমার অমৃতপ্রবাহ লাগিবে দেহে,
 তোমার পবন সখার মতন স্নেহে বক্ষে আসিবে ছুটিয়া ॥

Parjaay: Puja, Taal: Ektaal (3-3), Raag: Behag
 Visit www.geetabitan.com for notation and other detail